

...
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
শাখা-৪
জাতীয় ক্রীড়া পরিষদ ভবন, লেবেল-১৫, ৬২/৩, পুরানা
পল্টন, ঢাকা-১০০০।
www.ccie.gov.bd


স্মারক নম্বর: ২৬.০৩.০০০০.০০৪.৫৭.০০১.২২.৬৭০

তারিখ: ৭ পৌষ ১৪২৯

২২ ডিসেম্বর ২০২২

বিষয়: ৩ (তিন) বছর অধিক অনবায়নকৃত নিবন্ধন সনদসমূহ আঞ্চলিক দপ্তর কর্তৃক সরাসরি নবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের অধীন আঞ্চলিক দপ্তর সমূহ হতে জারীকৃত সকল নিবন্ধন সনদ প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে নির্দিষ্ট নবায়ন ফি প্রদান সাপেক্ষে সংশ্লিষ্ট কাগজাদি যাচাইপূর্বক প্রতি বছর আঞ্চলিক দপ্তর হতেই নবায়ন করা হয়। কিন্তু তিন বছরের অধিক অনবায়নকৃত নিবন্ধন সনদসমূহ নবায়নের জন্য প্রতিষ্ঠানসমূহের অনলাইনে (OLM) আবেদনের পর প্রধান নিয়ন্ত্রক দপ্তরে অনুমতি প্রদান সাপেক্ষে আঞ্চলিক দপ্তর কর্তৃক নবায়ন করা হয়। এতে প্রতিষ্ঠানসমূহের একই নথি দুই দপ্তরে যাচাই ও অনুমোদনের জন্য নবায়ন কার্যক্রম সম্পন্ন হতে নবায়নের জন্য নির্ধারিত সময়ের কিছুটা বেশী সময়ের প্রয়োজন হচ্ছে। ফলে প্রতিষ্ঠান তার কাঙ্ক্ষিত সেবা পেতে কিছুটা বিলম্বের সম্মুখীন হচ্ছে। বর্তমানে সেবা সহজীকরণের আওতায় গ্রাহককে দ্রুততম সময়ের মধ্যে সেবা প্রদানের লক্ষ্যে তিন বছরের অধিক অনবায়নকৃত সকল নিবন্ধন সনদ নবায়নের জন্য সংশ্লিষ্ট সকল কাগজাদি ও নবায়ন ফি প্রদান করতঃ সরাসরি সংশ্লিষ্ট আঞ্চলিক দপ্তর কর্তৃক নবায়ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২২-১২-২০২২

মোঃ সিরাজুল ইসলাম

সহকারী নিয়ন্ত্রক

ফোন: 02-9551556

ফ্যাক্স: 02-9550217

ইমেইল: ac3.ho@ccie.gov.bd

অফিস প্রধান, সকল আঞ্চলিক অফিস, আমদানি ও রপ্তানি
প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।।

স্মারক নম্বর: ২৬.০৩.০০০০.০০৪.৫৭.০০১.২২.৬৭০/১(৪)

তারিখ: ৭ পৌষ ১৪২৯

২২ ডিসেম্বর ২০২২


সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) আইটি কনসালটেন্ট, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রক দপ্তর, ঢাকা (OLM সিস্টেমে প্রয়োজনীয় আপডেটের অনুরোধসহ)।

২) জনাব, মোঃ জাহিদুল আলম চৌধুরী, নির্বাহী অফিসার, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩) ব্যক্তিগত সহকারী, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।

৪) মাস্টার ফাইল, শাখা-৪, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।



২২-১২-২০২২

মোঃ সিরাজুল ইসলাম

সহকারী নিয়ন্ত্রক